



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৮৬/১০৭৪৮/৪


তারিখঃ ২০/১১/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসার গভার্ণিং বডির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ মহসিন আলী একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে গভার্ণিং বডির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে অনুমোদিত ছুটিতে থাকাকালীন সময়ে অবৈধভাবে জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে সহকারী শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান, অবৈধভাবে মিথ্যা অভিযোগ আনয়ন করে অধ্যক্ষকে সাময়িক বরখাস্তকরণ, বেতন-ভাতাদি বন্ধ রাখা, অধ্যক্ষের নিকট চাঁদা দাবী, চাঁদা অনাদায়ে ৫ লক্ষ টাকা উৎকোচ গ্রহণের করে আরবী প্রভাষক মোঃ সেকেন্দার আলীকে অধ্যক্ষ পদে নিয়োগ প্রদানের প্রলোভন করা, শিক্ষকদের মধ্যে দলীয়করণ, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২) গভার্ণিং বডির সভাপতি ও কমিটির সদস্যবৃন্দের এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ১১, ৩৭, ৩৮ ও ৪১ এর পরিপন্থি।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ (১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৯৮৪/২/নথি নং-দিনাজ-১৮৬; তারিখঃ ২৬/০৫/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্ণাঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ নজমুল হুদা  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও

পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসা, পার্বতীপুর, দিনাজপুর।  
২) অধ্যক্ষ, মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসা, পার্বতীপুর, দিনাজপুর।

নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৮৬/

তারিখঃ /১১/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ কামাল উদ্দিন  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও

উপ-রেজিস্ট্রার (কমন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৫৪০৩